

## বিনা খরচে ২০ কেজি ব্যাগেজ সুবিধা দিচ্ছে নভোএয়ার

- A Monitor Desk Report

Date: 28 August, 2025



ঢাকা : ওমরাহ পালনকারী যাত্রী এবং বিদেশগামী শিক্ষার্থীদের জন্য বিশেষ সুবিধা ঘোষণা করেছে নভোএয়ার। যাত্রীরা অতিরিক্ত ২০ কেজি ব্যাগেজ বিনামূল্যে বহনের সুযোগ পাবেন।

এক বিজ্ঞপ্তিতে নভোএয়ার জানায়, ওমরাহ পালনকারী ও বিদেশে অধ্যয়নগামী শিক্ষার্থীরা অভ্যন্তরীণ রুটে সর্বমোট ৪০ কেজি চেক-ইন ব্যাগেজ বহনের সুবিধা পাবেন। সাধারণত যাত্রীরা ২০ কেজি পণ্য চেক-ইন ব্যাগেজে ও ৭ কেজি পণ্য হ্যান্ড ব্যাগেজে বহনের সুবিধা পেয়ে থাকে।

নভোএয়ারের ব্যবস্থাপনা পরিচালক মফিজুর রহমান বলেন, “নভোএয়ার সবসময় যাত্রীসেবার মানোন্নয়ন এবং যাত্রা আরও স্বাচ্ছন্দ্যময় ও সশ্রয়ী করে তুলতে বদ্ধপরিকর। তাই ওমরাহ যাত্রী ও বিদেশগামী শিক্ষার্থীদের ভ্রমণকে সশ্রয়ী এবং স্বাচ্ছন্দ্যময় করতে অতিরিক্ত ব্যাগেজ সুবিধা দেওয়া হচ্ছে।”

বর্তমানে নভোএয়ার প্রতিদিন ঢাকা থেকে চট্টগ্রাম, কক্সবাজার, সৈয়দপুর ও সিলেট অভ্যন্তরীণ রুটে নিয়মিত ফ্লাইট পরিচালনা করছে।

-B